

১২. উপর্যুক্ত ব্যাখ্যা ও সার্বিক পর্যালোচনায় ট্রাইব্যুনাল এই সিদ্ধান্তে উপনীত হয় যে, বিজ্ঞ কমিশনার কর্তৃক আপিলকারী প্রতিষ্ঠানের ফাঁকিকৃত মূসক আদায়ের লক্ষ্যে যে চূড়ান্ত আদেশ জারী করা হয়েছে, তা যথাযথ ও সঠিক বিধায় তাতে হস্তক্ষেপ করার যুক্তিসংগত কোন কারণ দেখা যায় না। এমতাবস্থায়, এ আপিল মামলাটি খারিজযোগ্য। সেপ্রেক্ষিতে এ আপিল মামলার বিচার্য বিষয় আপিলকারীর প্রতিকূলে নিষ্পত্তি করা হলো।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা এর নথি নং-৪/মূসক (৪৭৭) কর-ফাঁকি/গ্লোবাল/বিচার/পূর্ব কমি:/২০২০/২৫১৯ তে ২৬-৬-২০২২ খ্রিঃ তারিখে প্রদত্ত আদেশ বহাল ও বলবৎ রাখা হলো। এ রায়ের অনুলিপি সংশ্লিষ্ট সকলের প্রতি জারী করা হোক।

আমাদের কথামতো লিখিত ও সংশোধিত
Ed.

অতএব
আদেশ হয় যে,

এ আপীলটি উদয়পক্ষের উপস্থিতিতে শুনানীতে নামঞ্জুর করা হলো। এতদ্বারা বিজ্ঞ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল

আপীল নম্বর: ভ্যাট-২৬৩/২০২২

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল

বেঞ্চ-২

রায় ও আদেশের শিরোভাগ

- উপস্থিত সদস্য : ১। ড. মোঃ মতিউর রহমান, সদস্য (কমিশনার)
- ২। মোঃ সোহেল আহমেদ, সদস্য (জেলা ও দায়রা জজ)
- ১। আপীলকারী/আবেদনকারী : ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল (এনটিভি) লিঃ, বিএসইসি ভবন (লেভেল-৭), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরাণ বাজার, ঢাকা-১২১৫।
- ২। প্রতিবাদী/রেসপনডেন্টপক্ষ : কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আইডিইবি ভবন, (৪র্থ ও ৫ম তলা), ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
- ৩। আপীলকারী/আবেদনকারীর প্রতিনিধি : উপস্থিত।
- ৪। প্রতিবাদী/রেসপনডেন্টের প্রতিনিধি : উপস্থিত।
- ৫। মামলার শুনানী গ্রহণের তারিখ : ২০-১১-২০২২ খ্রিস্টাব্দ।

- ৬। মামলার আদেশ প্রদানের তারিখ : ১ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ।
 ৭। তর্কিত আদেশ নং, তারিখ এবং আদেশ : ১৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ।
 ৮। মামলার প্রদানকারীর বর্ণনা : কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
 কর্তৃক ৩০-৬-২০২২ তারিখে প্রদত্ত আদেশ নথি নং-৪/মূসক/৮(৫২)
 ইন্টাঃ টেলিভিশন চ্যানেল/ বিচার/ ২০২২/১১১২।
 ৮। বিবেচনাধীন উপস্থাপিত নথিপত্র : নাই।

মামলার সংক্ষিপ্ত বিবরণ

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) কর্তৃক ৩০-৬-২০২২ তারিখে প্রদত্ত আদেশ নথি নং-৪/মূসক/৮(৫২) ইন্টাঃ টেলিভিশন চ্যানেল/ বিচার/ ২০২২/১১১২ মূলে প্রদত্ত তর্কিত আদেশ দ্বারা সংশ্লিষ্ট হয়ে আপিলকারী ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল (এনটিভি) লিঃ অত্র আপিল মোকদ্দমা আনয়ন করেছেন।

২. বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর ঢাকা কর্তৃক ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল (এনটিভি) লিঃ, ১২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা, (মূসক নিবন্ধন নং-০০০০০০৭৬৯-০২০৩) নামীয় প্রতিষ্ঠানের জুলাই/ ২০১৯ হতে জুন/২০১০ খ্রিঃ জুন/২০১৯ খ্রিঃ পর্যন্ত সময়ের নিরীক্ষা সম্পন্ন করে সূত্রোল্লিখিত প্রতিবেদন আইনি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে মূসক দপ্তরে দাখিল করা হয়। নিরীক্ষা আদেশের মাধ্যমে গঠিত নিরীক্ষা দল কর্তৃক দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায়, ২০১৯-২০২০ অর্থবছরে ক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ না থাকায় ১,৬৬৭ টাকা রেয়াত বাতিলযোগ্য। আবার, ২০১৯-

২০২০ করমেয়াদের জুলাই/২০১৯ করমেয়াদের মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (গ) অনুযায়ী দুই করমেয়াদের মধ্যে উপকরণ রেয়াতে গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও অক্টোবর/২০১৯ মাসে ১,৬৭,৪২৫ টাকা রেয়াত গ্রহণ করা হয়েছে, যা বাতিলযোগ্য। অর্থাৎ, প্রতিষ্ঠান কর্তৃক সর্বমোট গৃহীত (১,৬৬৭ + ১,৬৭,৪২৫) ১,৬৯,০৯২ টাকা রেয়াত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী বাতিলযোগ্য। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ পর্যন্ত পর্যালোচনায় দেখা যায় মোট উৎসে মূসকের পরিমাণ ১,১০,৮১,৬০৩.৬০ টাকা। এর মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করা হয়েছে ৬,২৪,১১২ টাকা। সুতরাং, অবশিষ্ট (১,১০,৮১,৬০৩.৬০ - ৬,২৪,১১২.০০) = ১,০৪,৫৭,৪৯১.৬০ টাকা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য। জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ অর্থবছরে সি.এ প্রতিবেদনে প্রদর্শিত বাড়ি ভাড়া এবং দাখিলপত্রে প্রদর্শিত বাড়ি ভাড়া বাবদ মোট অপরিশোধিত মূসকের হিসাব সংশ্লিষ্ট নিম্নরূপঃ

ক্র: নং	অর্থবছর	সি.এ রিপোর্ট অনুযায়ী বাড়ি ভাড়া (ভ্যাটসহ)	মূসক কর্তনের হার	মূসকের পরিমাণ	ট্রেজারীতে প্রদর্শিত বাড়ি ভাড়া	পার্থক্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	২০১৯-২০২০	২,৮২,১১,০৮৭	১৫%	৩৬,৭৯,৭০৭	২৪,৫৩,৮৫৪	১২,২৫,৮৫৩
মোট	২০১৯-২০২০	২,৮২,১১,০৮৭	-	৩৬,৭৯,৭০৭	২৪,৫৩,৮৫৪	১২,২৫,৮৫৩

অর্থাৎ, নিরীক্ষা মেয়াদে প্রতিষ্ঠানের নিকট হতে বাড়ি ভাড়া খাতে আদায়যোগ্য অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫,৮৫৩ টাকা প্রতিষ্ঠানের নিকট আদায়যোগ্য।

৩. প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য মূসক এবং বাতিলযোগ্য রেয়াতের সার সংক্ষেপ নিম্নরূপঃ

ক্র: নং	বিবরণ	অনুচ্ছেদ নং	গৃহীত রেয়াত যা বাতিলযোগ্য	আদায়যোগ্য
১	নির্ধারিত করমেয়াদে রেয়াত গ্রহণ না করায় বিধি-বহির্ভূত গৃহীত রেয়াত যা বাতিলযোগ্য	৬	১,৬৯,০৯২	০
২	অপরিশোধিত উৎসে মূসক বাবদ (১,১০,৮১,৬০৩.৬০-৬,২৪,১১২)	৯	০	১,০৪,৫৭,৪৯১.৬০
৩	বাড়িভাড়া বাবদ অপরিশোধিত মূসক	১০	০	১২,২৫,৮৫৩.০০
		মোট	১,৬৯,০৯২	১,১৬,৮৩,৩৪৪.৬০

৪. ২০১৯-২০২০ অর্থবছরে বিধি-বহির্ভূত গৃহীত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকা বাতিলযোগ্য ফাঁকিত মূসক বাবদ ১,১৬,৮৩,৩৪৪.৬০ টাকা। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিরীক্ষাকালে কোন আপত্তি উত্থাপন করেননি। শুনানিকালে দাখিলকৃত মূসক পরিশোধের সমর্থনে কোন ট্রেজারী চালানের কপি দাখিল করেননি। মামলার প্রতিবেদনের আলোকে জারীকৃত দাবিনামা নোটিশের ভিত্তিতে মূল্য সংযোজন কর ও সম্পূরক গুদ্র আইন, ২০১২ এর ধারা-৭৩ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের জন্য উৎসে মূসক বাবদ ১,০৪,৬৭,৪৯১.৬০ বাড়িভাড়া বাবদ অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫,৮৫৩ টাকা, কর্তনকৃত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকাসহ মোট (১,০৪,৫৭,৪৯১.৬০ + ১২,২৫,৮৫৩ + ১,৬৯,০৯২) = ১,১৮,৫২,৪৩৬.৬০ টাকা কর নির্ধারণ করে দাবিনামা চূড়ান্ত করা হয়। উক্ত আদেশ দ্বারা সংশ্লিষ্ট হয়ে আপিলকারীপক্ষ অত্র ট্রাইব্যুনালে এই আপিলটি আনয়ন করেন।

বিচার্য বিষয়

- (১) কমিশনার কর্তৃক প্রদত্ত আদেশটি আইন ও বিধি সংগত হয়েছে কিনা?
- (২) আপিলকারীপক্ষ প্রার্থনা মোতাবেক প্রতিকার পেতে পারেন কিনা?

আলোচনা
বিচার্য বিষয় নং ১ ও ২ :

৫. পরস্পর সম্পর্কযুক্ত বিধায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে ১ ও ২ নং বিচার্য বিষয় একত্রে আলোচনায় নেয়া হলো। শুনানিকালে উভয়পক্ষের প্রতিনিধির বক্তব্য শোনা হয়। নথিতে দাখিলকৃত উভয়পক্ষের কাগজপত্র ও কমিশনার কর্তৃক প্রদত্ত তর্কিত আদেশ পর্যালোচনা করা হয়।

আপিলকারীর বক্তব্য

৬. শুনানিতে আপিলকারীপক্ষ উপস্থিত এবং আপিল অব মেমোতে এরূপ উল্লেখ করেন যে, আপিলকারী প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধি-বিধান অনুযায়ী নিবন্ধন গ্রহণের পর হইতে দেশের বিদ্যমান মূসক আইনের বিধি বিধান প্রতিপালনপূর্বক বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা এর আওতাভুক্ত প্রতিষ্ঠান হিসাবে ব্যবসা পরিচালনা করে আসছিল। গত ৩০-১২-২০২০ খ্রিঃ তারিখের জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত সাধারণ আদেশ নং-০১/মূসক/২০২১ তারিখ: ২৪-৩-২০২১ খ্রিঃ (সংলাগ প্রঃ ৪৫ থেকে ৫১) এর মাধ্যমে আপিলকারী প্রতিষ্ঠানকে বাদ দিয়ে বৃহৎ করদাতা ইউনিট-মূসক এর আওতাভুক্ত প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের ৩০-১২-২০২০ খ্রিঃ তারিখের গৃহীত সভার

সিদ্ধান্ত অনুযায়ী আপিলকারী প্রতিষ্ঠানের নিবন্ধন রেসপনডেন্ট এর অধীনের স্থানান্তর করা যায়। একই সাথে বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর ঢাকার পত্র নথি নং-০৮.০১০০০০.০৭১.০১.০৭০.২০২০/৯৮৪ তারিখ: ৩১-৫-২০২১ খ্রিঃ এর মাধ্যমে জুলাই/২০১৭ হতে জুন/২০২০ খ্রিঃ মেয়াদের নিরীক্ষা সম্পাদন করত: উক্ত নিরীক্ষা প্রতিবেদনের কপিসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য রেসপনডেন্ট কমিশনার বরাবরে প্রেরণ করেন মর্মে নোটিশের উল্লেখ করা হয়। উক্ত নথি প্রাপ্তির পর বিজ্ঞ রেসপনডেন্ট কমিশনারের দপ্তরের পত্র নথি নং- ৪/মূসক/৮(৫২) ইন্টা: টেলিভিশন চ্যানেল/বিচার/২০২২/ ৬৪৮, তারিখ ৫-১৪-২০২২ খ্রিঃ (সংলাগ প্রঃ ৪০ থেকে ৪১) এর মাধ্যমে কোন দলিলাদি সরবরাহ ব্যতিরেকে দাবীনামা সম্বলিত কারন দর্শানো নোটিশ জারী করা করত: ২৪-৪-২০২২ খ্রি: তারিখের মধ্যে লিখিত জবাবসহ ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়। বিষয়াধীন Unspecific and non-speaking (অর্থাৎ কোন সুনির্দিষ্ট দলিল ভিত্তিক কোন আইন, বিধি বলে আনিত অভিযোগ) কারণ দর্শানো নোটিশের সাথে সম্পৃক্ত নিরীক্ষা প্রতিবেদনের কপি সরবরাহের বাধ্যবাধকতা থাকলেও [46 DLR (AD) 94] উহার কপি আপিলকারীকে সরবরাহ করা হয়নি। ফলে দেশের সর্বোচ্চ আদালতের আদেশ তথা judge made law [46 DLR (AD) 94] এর লঙ্ঘন পূর্বক জারীকৃত কারণ দর্শানো নোটিশটি ও উহার প্রেক্ষিতে জারীকৃত তর্কিত আদেশটি by operation of law বাতিলযোগ্য। বিষয়াধীন কারণ দর্শানো নোটিশ ও তর্কিত দাবীনামার আদেশটি মনোযোগ সহকারে পাঠ করলে দেখা যায় যে, কোন সুনির্দিষ্ট দলিল ও কারণ প্রদর্শন ব্যতির কারণ দর্শানো নোটিশ জারী ও উহার উপর ভিত্তি করে তর্কিত আদেশটি জারী করা হয়। কারণ দর্শানো নোটিশহ তর্কিত আদেশটি Unspecific and non-speaking বিধায় আইনতঃ অবৈধ ঘোষণার জন্য আরজি পেশ করছি এই প্রসঙ্গে দেশের সর্বোচ্চ আদালতের একটি রায়ের প্রাসঙ্গিক অংশ নিম্নরূপঃ “Natural Justice it is well settled that a show cause notice is not a technical requirement or an the ceremony. The notice must not be vague or in bare language merely repeating the language of the statute. Natural justice in not giving specific facts with operation in the show cause notice the rule of fairness which is a part of the principle of natural justice

has been offended. Government of Bangladesh and others us Md Tajul Islam (Civil) 49 DLR (AD) 177”

৭. মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর ধারা ৯০(২) এর সাথে পঠিতব্য ড্যাট অডিট ম্যানুয়েল এর অধ্যায় ১০.০২ (ক), ১৩.০১ ও ১৩.০২(ক)- এর বিধান আলোচ্য ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয়। পরিহারকৃত/ ফাঁকিত রাজস্বের সঠিক পরিমাণ নির্ধারণ ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক আইনের অধীনের সংঘটিত অনিয়ম উৎঘাতনের ক্ষেত্রে সুষ্ঠুভাবে নিরীক্ষা কার্য সম্পাদন এবং সংক্ষিপ্ত অথচ সমন্বিত ও সুন্দর কাঠামো সম্বলিত নিরীক্ষা প্রতিবেদন তৈরীর গুরুত্ব অপরিহার্য। নিরীক্ষা ম্যানুয়েলে যে সব করণীয় সম্পর্কে দিক নির্দেশনার প্রদান করা হয়েছে, তা অনুসরণ করতঃ সম্পাদিত কার্যাবলীর বিবরণ নিরীক্ষা প্রতিবেদন স্পষ্ট ও সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। নিরীক্ষায় প্রাপ্ত ফলাফলের বিষয়ে নিরীক্ষা দল করদাতার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করে করদাতার লিখিত বক্তব্য গ্রহণ করবেন। নিরীক্ষায় প্রাপ্ত ফলাফল নিয়ে নিরীক্ষা দল নিরীক্ষা পরিচালনাকারী কর্মকর্তার সাথেও মত বিনিময় করবেন। নিরীক্ষা পরিচালনাকারী কর্মকর্তার পরামর্শ অনুসারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতঃ করদাতার বক্তব্য পর্যালোচনা করে নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করবেন। উদঘাটিত অনিয়ম ও কর ফাঁকির বিষয়ে করদাতার প্রতিষ্ঠানের লিখিত মতামত ও বক্তব্য/ বিবৃতির উপর নিরীক্ষা দলের মতামত,” উপরোক্ত উক্ত অডিট ম্যানুয়্যাল এ বর্ণিত আবশ্যিকীয়ভাবে প্রতিপালনযোগ্য পদ্ধতি তথা প্রাথমিক প্রতিবেদন প্রস্তুতের পর অভিযুক্ত প্রতিষ্ঠানের নিকট নিরীক্ষা টিম কর্তৃক মূসক পরিহারের সুনির্দিষ্ট প্রাথমিক লিখিত আপত্তির ক্ষেত্রে উল্লেখপূর্বক আত্মপক্ষ সমর্থনের সুযোগদাসহ শুনানী অন্তে প্রতিবেদন চূড়ান্তকরণের পর সংশ্লিষ্ট কমিশনারেট বিচারিক তথা পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণের বিধান বিদ্যমান থাকলেও আলোচ্য ক্ষেত্রে কথিত নিরীক্ষা টিম তদন্ত প্রতিবেদন প্রস্তুত ও আপিলকারীকে সরবরাহ না করে, এমনকি অবহিত না করে সরাসরি বিচারিক কার্যক্রমের জন্য রেসপনডেন্ট কমিশনারেট দপ্তরে প্রেরণ করেন, যা উপযুক্ত মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর ধারা ৯০ (২) এর সাথে পঠিতব্য মূল্য সংযোজন কর নিরীক্ষা (অডিট) ম্যানুয়েল এর উল্লিখিত শর্তাবলী ও due proces of law এর Clear violation. ফলে আইনী বিধান বর্হিভূত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে জারীকৃত তর্কিত আদেশটি not tenable in the eye of law অর্থাৎ আইনতঃ অরক্ষণীয় বিধায় বাতিলযোগ্য।

আলোচ্য ক্ষেত্রে উক্ত আইনী বিধানের অডিট কর্মকর্তাগণ নিরীক্ষা/ অডিট কার্য সম্পাদন করার পর মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর ধারা ৯০ (২) এর সাথে পঠিতব্য ভ্যাট অডিট ম্যানুয়েল এর অধ্যায় ১০.০২ (ক), ১৩.০১ ও ১৩.০২(২১)-এর বিধান অনুসরণ পূর্বক লিখিত নোটিশের মাধ্যমে ব্যাখ্যা প্রদানের সুযোগ প্রদানসহ আপত্তি খন্ডনের সুযোগ প্রদান করেননি অর্থাৎ আপিলকারীকে সম্পূর্ণ করে কোন Participatory audit করা হয়নি। সুতরাং উক্ত আইনী ধারার লঙ্ঘন পূর্বক যে তর্কিত কারণ দর্শানো জারী করা হয় ও উহার প্রেক্ষিতে জারীকৃত তর্কিত আদেশটি ab-initio void and due proces of law and natural justice এর পরিপন্থী বিধায় বাতিল ও অকার্যকর ঘোষণার করার জন্য বিনীত আরজি পেশ করছি।

৮. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত এস আর ও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২/মূসক, তারিখ: ৬-৬-২০১৩ এ শিরোনাম সংখ্যা এস০০৭.০০ ও এস০৫৪.০০ এর অধীনে 'বিজ্ঞাপনী সংস্থা' এবং উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী এর সংজ্ঞা দেয়া আছে, যা নিম্নরূপঃ

আপিলকারী প্রতিষ্ঠান শিরোনাম সংখ্যা এস ০০৭.০০ এর আওতায় "বিজ্ঞাপনী সংস্থা" ও শিরোনাম সংখ্যা এস ০৫৪.০০ এর আওতায় উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী" হিসাবে নিবন্ধন (সংলাগ পৃ: ৫২ থেকে ৫৪) গ্রহণের পর থেকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫(৪) এর বিধান মোতাবেক সর্বমোট প্রাপ্তির উপর ১৫% হারে মূসক প্রদান করে আসছেন। আপিলকারীর সেবা কার্যক্রম জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ৪/মূসক/২০০২, তাং ৩-৮-২০০২ ইং এর অধীনে পরিচালিত হয়ে আসছে।

৯. উক্ত উপকরণের সংজ্ঞায় যেসব ক্ষেত্র সমূহকে উপকরণ নয় বলে ঘোষণা প্রদান করা হয় উহার মধ্যে ভূমি ও ইমারত এর সুস্পষ্ট উল্লেখ আছে। সুতরাং সূত্রে বর্ণিত এসআরও সমূহের অধীন সেবা কোড So৩৩ ইজারাদার উল্লেখিত স্থান ও স্থাপনা মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড আইন, ২০১২ এর ধারা-১৮(ক), ১৯ ও ২০ এর পরিপন্থী অর্থাৎ উপযুক্ত আইনী ধারার পরিপন্থী sub-ordinate-inconsistent section, rule and order জারীর মাধ্যমে উৎসে কর দাবী করা হলে উহা doctrine of severability এর আওতায় void and illegal বিধায় ইতিপূর্বে বাড়ীভাড়া বাবদ প্রদত্ত মূসক ২৪,৫৩,৮৫৪ টাকা ফেরতযোগ্য ও

VAT-45

দাবীকৃত ১২,২৫,৮৫৩ টাকা বাতিলযোগ্য বলেও সবিনয়ে দাবী করছি।

১০. আপীলকারী প্রতিষ্ঠানের সেবা প্রদানের ক্ষেত্রে মূসক পরিশোধিত কাঁচামাল/সেবা ক্রয় করা হলে input vat এর সাথে output vat এর সমন্বয় করার সুযোগ থাকে। অন্যদিকে মূসক অপরিশোধিত কাঁচামাল/সেবা ক্রয় করা সেই ক্ষেত্রে রেয়াতের সুযোগ না থাকতে পুরো উপকরণের মূল্য সেবা মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত হয় ও উহার উপর প্রযোজ্য হারে উৎপাদ কর পরিশোধ করা হয় বিধায় কোন মূসক ফাঁকির ক্ষেত্র হয় না। অতএব, এই বাস্তব ক্ষেত্র বিবেচনায় উৎসে মূসক দাবী করার অর্থ হল tax on tax and illegal levy-এর ক্ষেত্র সৃষ্টি করা, যা আইনতঃ প্রত্যাহারযোগ্য।

১১. এছাড়াও তর্কিত আদেশের ক্রমিক ০৩।-এ মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর ধারা ১২৭ এর আওতায় মাসিক ২% সুদ এর বিষয় উল্লেখ করা হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ করা সমীচিন যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড আইন, ২০১২ এর ধারা ৭৩ (১) এর আওতায় দাবীনামা জারী করার পর একই আইনের উপ-ধারা (২) এর আওতায় নিষ্পত্তি করার পর উক্ত আইনের ধারা ৮৫(ক) এর আওতায় কোন অর্থদণ্ড আরোপ করার বিধান নেই, যা নিম্নরূপঃ ২(ক) কোন ব্যক্তি ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড পরিশোধ না করিলে বা অনাদায়ী থাকিলে বা প্রত্যর্পণ বা ফেরত নিলে তিনি ধারা ৫৫ ও উপধারা (৩) এর বিধি বিধান অনুযায়ী উক্ত মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড বা অন্যান্য গুণ্ড ও কর সুদসহ পরিশোধ করিবেন, এবং উক্ত ক্ষেত্রে তাহার উপর এই আইনের অধীন কোন দণ্ড আরোপ করা যাইবে না।'

১২. অতএব উক্ত আইনী বিধানের আলোকে বিষয়াধীন নোটিশের ক্রমিক ০৩। এ মূল্য সংযোজন কর আইন, ২০১২ এর ধারা ১২৭ এর আওতায় মাসিক ২% সুদ আরোপের premature আদেশ জারী করা হলে উহা আইনতঃ অরক্ষণীয় বিধায় বাতিলযোগ্য।

১৩. উল্লেখ্য, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫(১) এর আওতায় দাবীনামা জারী করার পর একই আইনের উপ-ধারা (৩) এর আওতায় নিষ্পত্তি করার পর ধারা ৩৭ (২) মোতাবেক অর্থদণ্ড আরোপ করা হলে মেসার্স জিসকা ফার্মাসিউটিক্যালস্ লিঃ এর একটি মামলার ক্ষেত্রে

আপত্তি/ দাবীর অধীন মূসক পরিশোধ করার পর সংশ্লিষ্ট। কমিশনার কর্তৃক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীনে অর্ধদণ্ড আরোপ করলে বিজ্ঞ কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল আদেশ নথি নং- সিইডিটি/কেইস (ভ্যাট)-১৭৫/২০১০, তাং- ১৫-৫-১১ এর মাধ্যমে আরোপিত অর্ধদণ্ড বেআইনী ও বাতিল ঘোষণা করেন। বিজ্ঞ ট্রাইবুনালের উক্ত আদেশের spirit and precedence অধস্তন সকল মূসক কর্তৃপক্ষ সহ সংশ্লিষ্টদের জন্য অনুসরণীয় ও প্রতিপালনীয়। এই প্রসঙ্গে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ২৩৯০/২০০৫ এর অংশবিশেষ প্রণিধানযোগ্য বিধায় উল্লেখ করা হলঃ We also could not find any offence under section 37 of the VAT Act for which the petitioner could be held responsible for evasion of tax even after deposit and receipt of the supplementary duty as was demanded in the notice. We failed to understand how the Deputy Commissioner could claim that the petitioner evaded any supplementary duty, tax, even say after receipt of more than the money demanded in the notice. In the absence of clear finding on commission of any offence under the VAT Act, no one could be punished by way of imposing fine.

১৪. RAK Ceramics (Bangladesh) Private Ltd. vs Bangladesh and 59 DLR (HCD) 2007 P-274. বিষয়াধীন সময়কালে আপীলকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্য সংযোজন কর ও সম্পূর্ণক শুল্ক আইন, ২০১২-এর ধারা ১০৭ ও উক্ত আইনের অধীনে প্রণীত বিধিমালার বিধি ৯৫ অনুযায়ী সকল মূসক হিসাবপত্র সংরক্ষণ করা হয় এবং উক্ত আইনের ধারা ৬৪ ও উক্ত বিধিমালার বিধি ৪৭-এর আওতায় নিয়মিত সংশ্লিষ্ট সার্কেল কর্মকর্তার দপ্তরে দাখিলপত্র পেশ করা হয়েছিল। সেহেতু দাখিলপত্র সমূহের উপর সংশ্লিষ্ট সময়ে কোন আপত্তি প্রদান করা হয়নি সেহেতু belated stage এ কথিত অডিট প্রতিবেদনের উপর ভিত্তি করে যে তর্কিত আদেশটি জারী করা হয় উহা barred by limitation of time বিধায় বাতিল ও অকার্যকর ঘোষণা করার জন্য বিনীত আরজি পেশ করছি।

১৫. তর্কিত আদেশটি due process of law, circumstantial evidence এর পরিপন্থী ও tax on tax and double taxation এর সামিল বিধায় বাতিল ও

প্রত্যাহার করার জন্য বিনীত আরজি পেশ করছি। তর্কিত আদেশটি miscarriage of justice এর সামিল বিধায় বাতিল ও প্রত্যাহার করার জন্য বিনীত আরজি পেশ করছি। তর্কিত আদেশটি বাংলাদেশ সংবিধানের আর্টিকেল ৩১ ও ৪০ এর পরিপন্থী বিধায় বাতিল ও প্রত্যাহার করার জন্য বিনীত আরজি পেশ করছি। তর্কিত আদেশটি জারীর ফলে illegal levy-এর ক্ষেত্র সৃষ্টি হয়েছে, যা বাংলাদেশ সংবিধানের আর্টিকেল ৮৩ এর পরিপন্থী। ফলে বিষয়াধীন দাবিনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশটি বাতিল ও প্রত্যাহার করার জন্য বিনীত আরজি পেশ করছি।

রেসপনডেন্ট পক্ষের বক্তব্য

১৬. অপরদিকে, রেসপনডেন্ট পক্ষের প্রতিনিধি বলেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০১/মূসক/২০২১, তারিখঃ ২৪-৩-২০২১ খ্রিঃ এর মাধ্যমে আপিলকারী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল (এনটিভি) লিঃ, বিএসইসি ভবন (লেভেল-৭), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকাকে বাদ দিয়ে বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা এর আওতাভুক্ত প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ ও জাতীয় রাজস্ব বোর্ডের ৩০-১০-২০২০ খ্রিঃ তারিখের গ্রহীত সভার সিদ্ধান্ত অনুযায়ী আপিলকারী প্রতিষ্ঠানের নিবন্ধন কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) রেসপনডেন্ট এর অধীনে স্থানান্তর করা এবং বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকার ৩১-৫-২০২১ খ্রিঃ তারিখের পত্রের মাধ্যমে জুলাই/২০১৯ হতে জুন/২০২০ মেয়াদের নিরীক্ষা প্রতিবেদনের (যা পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য রেসপনডেন্ট এর দপ্তরের প্রেরণ করা হয়) ভিত্তিতে রেসপনডেন্ট কর্তৃক দাবিনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারীর বিষয়ে উল্লেখিত বক্তব্য সঠিক ও সত্য বিধায় স্বীকার করা হচ্ছে। তবে এই দফার শেষাংশে এই মর্মে উল্লেখিত বক্তব্য যে, কোন দলিলাদি সরবরাহ ব্যতিরেকে দাবিনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করতঃ ২৪-৪-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে লিখিত জবাবসহ ব্যক্তিগত গুনানীতে উপস্থিত হওয়ার নির্দেশ প্রদান করা হয়। বিষয়াধীন Unspecific and non-speaking (অর্থাৎ কোন সুনির্দিষ্ট দলিল ভিত্তিক কোন আইন/বিধি বলে আনীত অভিযোগ) কারণ দর্শানো নোটিশের সাথে সম্পূর্ণ নিরীক্ষা প্রতিবেদনের কপি সরবরাহের বাধ্যবাধকতা থাকলেও উহার কপিটি আপিলকারীকে সরবরাহ করা হয়নি-সত্য, সঠিক ও আইনানুগ না। সেহেতু আইনের দৃষ্টিতে গ্রহণযোগ্যতা না।

কারণ নথি নং- ৪/মূসক/৮(৫২) ইন্টাঃ টেলিভিশন চ্যানেল/ বিচার/২০২২/৬৪৮, তারিখ ৫-৪-২০২২ খ্রিঃ এর বিষয়ে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে, “মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৭৩ অনুযায়ী বিধি বহির্ভূতভাবে গ্রহীত রেয়াত এবং ফাঁকিকৃত মোট ১,১৮,৫২,৪৩৬.৬০ টাকার দাবিনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারীকরণ”। এবং উক্ত নোটিশে দাবীকৃত অপরিশোধিত মূসক বিস্তারিত বিবরণ বর্ণনা করা হয়েছে। এক্ষেত্রে উক্ত নোটিশের সাথে নিরীক্ষা প্রতিবেদন কপি প্রদান করার জন্য মূসক আইনের কোন বিধান নেই। অতএব, জারীকৃত চূড়ান্ত দাবিনামাটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য। এই দফার বক্তব্য অসত্য, অ-আইনানুগ/ও মনগড়া, সেহেতু আইনের দৃষ্টিতে রক্ষণীয় না।

১৭. দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায়, ২০১৯-২০২০ অর্থবছরের জন্য রেজিস্টারে উপকরণ লিপিবদ্ধ না থাকায় ১,৬৬৭ টাকা রেয়াত বাতিলযোগ্য। আবার, ২০১৯-২০২০ মেয়াদের মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ এর উপ-ধারা (১) অনুযায়ী দুই করমেয়াদের মধ্যে উপকরণ কর রেয়াত গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও অক্টোবর/২০১৯ মাসে ১,৬৭,৪২৫ টাকা বিধি বহির্ভূতভাবে রেয়াত গ্রহণ করা হয়েছে, যা বাতিলযোগ্য। অর্থাৎ প্রতিষ্ঠান কর্তৃক গ্রহীত মোট $(১,৬৬৭ + ১,৬৭,৪২৫) = ১,৬৯,০৯২$ টাকার রেয়াত মূল্য সংযোজন কর সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী বাতিলযোগ্য।

১৮. প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জুলাই/২০১৮ হতে জুন ২০২০ খ্রিঃ পর্যন্ত সি এ অডিট রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় মোট উৎসে মূসকের পরিমাণ ১,১০,৮১,৬০৩.৬০ টাকা, এর মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করা হয়েছে ৬,২৪,১১২.০০ টাকা। সুতরাং, অবশিষ্ট $(১,১০,৮১,৬০৩.৬০ - ৬,২৪,১১২) = ১,০৪,৫৭,৪৯১.৬০$ টাকা আদায়যোগ্য।

১৯. জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ অর্থবছরে সি এ অডিট রিপোর্টে প্রদর্শিত বাড়ী ভাড়ার পরিমাণ ২,৮২,১১,০৮৭.০০ টাকা যার উপর ১৫% হারে প্রযোজ্য মূসকের পরিমাণ, ৩৬,৭৯,৭০৭.০০ টাকা। অপরদিকে দাখিলপত্রে প্রদর্শিত বাড়ী ভাড়ার উপর ট্রেজারী চালানোর মাধ্যমে পরিশোধিত মূসকের পরিমাণ ২৪,৫৩,৮৫৪.০০ টাকা। অর্থাৎ বাড়ী ভাড়ার উপর অপরিশোধিত মূসকের পরিমাণ $(৩৬,৭৯,৭০৭.০০ - ২৪,৫৩,৮৫৪.০০) = ১২, ২৫,৮৫৩$ টাকা, যা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য।

২০. উপরোল্লিখিত হিসাব মোতাবেক প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য ও বাতিলযোগ্য রেয়াত বাবদ সর্বমোট $(১,৬৯,০৯২ + ১,০৪,৫৭,৪৯১.৬০) = ১,১৬,৮৩, ৩৪৪.৬০$ টাকা। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

২১. কারণ নিরীক্ষাদল কর্তৃক আপীলকারী প্রতিষ্ঠানের দাখিলকৃত ড্যাট সংশ্লিষ্ট দলিলাদি এবং সময় সময় প্রতিষ্ঠান কর্তৃপক্ষের প্রতিনিধির সাথে আলোচনার ভিত্তিতে রেস্পনডেন্ট এর দপ্তর কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন সম্পাদন করা হয়। অতঃপর নিরীক্ষা প্রতিবেদন পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে রেস্পনডেন্ট এর দপ্তরে প্রেরণ করা হয়। প্রাপ্ত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে আইনী প্রক্রিয়া অনুসরণ পূর্বক যথাযথ কারণ দর্শানো নোটিশ জারী, প্রতিষ্ঠান কর্তৃক উক্ত নোটিশের লিখিত জবাব দাখিল, শুনানী গ্রহণ করে তর্কিত চূড়ান্ত কর নির্ধারণ নোটিশ জারী করা হয়। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

২২. জুন ২০২০ পর্যন্ত বলবৎ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬(১) এর দফা (গ) এর বিধানের পরিপন্থী ও মনগড়া, সেহেতু আইনের দৃষ্টিতে আমলযোগ্য না। কারণ আপীলকারী প্রতিষ্ঠানটি জুলাই/১৯ হতে জুন/২০২০ পর্যন্ত নিরীক্ষা করা হয়। উক্ত সময় পর্যন্ত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬(১) এর দফা (গ) এর বিধান মতে দুই করমেয়াদের মধ্য উপকরণ রেয়াত গ্রহণের বাধ্যবাধকতা ছিল, কিন্তু প্রতিষ্ঠান কর্তৃপক্ষ দুই করমেয়াদ উত্তীর্ণ হওয়ার পর অক্টোবর/১৯ মাসে ১,৬৯,০৯২.০০ রেয়াত গ্রহণ করেছেন। কাজেই আইনানুগভাবেই উক্ত রেয়াত বাতিল করা হয়েছে। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

২৩. কারণ সংশ্লিষ্ট আইন বিধি ও সাধারণ আদেশের বিধান অনুসরণে নিরীক্ষাকালীন সময়ে প্রদেয় মূসক হতে প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত মূসক বাদ দিয়ে সমন্বয় করে চূড়ান্ত দাবিনামা জারী করা হয়েছে। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

২৪. স্থান-স্থাপনার ভাড়ার উপর প্রযোজ্য মূসক এর বিষয়ে ব্যাখ্যা ও ভুল ধারণা এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-১৮, ১৯, ২০ এর

সেহেতু আইনের দৃষ্টিতে রক্ষণীয় না। কারণ বাড়ী ভাড়ার উপর মূসক সেবা কোড এস৭৪.০০ মোতাবেক আদায়যোগ্য সেবা কোড এস০৩৩.০০ মোতাবেক নয়। এসআরও নং-১৮৬-আইন/২০১৬/৪৩-মূসক, তারিখঃ ১৩-৬-২০১৯ এর মাধ্যমে করযোগ্য সেবার বিধি নির্ধারণের ব্যাখ্যা প্রদান করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের অন্তর্ভুক্ত সেবা কোড এস০৭৪.০০ এর বিপরীতে স্থান-স্থাপনা ভাড়া গ্রহণকারী এর ব্যাখ্যায় বলা হয়েছে।

২৫. স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা আবাসিক কাজে ব্যবহার্য নয় এরূপ কোন স্থান বা স্থাপনা পণ্যের বিনিময়ে নির্দিষ্ট মেয়াদে ব্যবহার করিবার অধিকারী এবং নির্দিষ্ট মেয়াদান্তে নবায়নযোগ্য উক্তরূপ অধিকারও ইহার অন্তর্ভুক্ত হইবে। সুতরাং আইনানুগভাবে ও যৌক্তিক কারণে বাড়ী ভাড়ার উপর অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫, ৮৫৩ টাকা দাবী করা হয়েছে। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

২৬. এসআরও নং-১৮৭-আইন/২০১৬/৪৪-মূসক, তারিখ ১৩.০৬ : ২০১৮ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত উৎসে মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৯ এর বিধি-২-সংজ্ঞার দফা (খ) তে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী উৎসে কর্তনকারী সত্তা অর্থ কোন মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত কোন সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোন সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোন বেসরকারি প্রতিষ্ঠান, কোন ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোন মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোন লিমিটেড কোম্পানি বুঝাইবে। এবং বিধি-৩ এ বলা হয়েছে।

২৭. সব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করতে হইবে। -

(১) সকল নিবন্ধিত সরবরাহকারী কর্তৃক টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে অব্যাহতি প্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট নহে এরূপ পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে উৎসে কর্তনকারী সত্তা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ হইতে নিম্নরূপে মূসক উৎসে কর্তন করিবে, যথাঃ " কাজেই আপিলকারী প্রতিষ্ঠান উৎসে কর্তনকারী সত্তা হওয়া সত্ত্বেও যে সকল খাতে উৎসে মূসক কর্তন করেন নাই, সেসকল খাতে আইনানুগ ভাবেই উৎসে মূসক দাবী করা হয়েছে। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

২৮. তর্কিত আদেশের অনুচ্ছেদ ৪ (৩ নয়) এ উল্লেখ করা হয়েছে যে, নির্ধারিত তারিখে বা উক্ত তারিখের পূর্বে কমিশনারের নিকট প্রদেয় কর পরিশোধ করতে যদি ব্যর্থ হন, তাহলে নির্ধারিত তারিখের পরবর্তী দিন হতে পরিশোধের দিন পর্যন্ত প্রদেয় করের পরিমাণের উপর মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড আইন, ২০১২ এর ধারা ১২৭ অনুযায়ী সুদ পরিশোধযোগ্য। কিন্তু তর্কিত চূড়ান্ত দাবীনামায় কোন সুদ দাবী করা হয়নি। তাছাড়া, মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড আইন, ২০১২ এর ধারা -৮৫ এর উপ-ধারা (২ক) অর্থ আইন ২০২২ এর মাধ্যমে সন্নিবেশিত হয়েছে এবং ধারা-৭৩(২) চূড়ান্ত কর নির্ধারণের পর ন্যায় নির্ণয়কালে উক্ত ধারা ৮৫ এর উপ-ধারা ২(ক) এর বিধান বিবেচনা করা যেতে পারে। আলোচ্য ক্ষেত্রে তর্কিত নোটিশটি চূড়ান্ত কর নির্ধারণ নোটিশ, ন্যায় নির্ণয়ন আদেশ নয়। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ার বহাল ও বলবৎযোগ্য।

২৯. মূল্য সংযোজন কর একটি স্বনির্ধারণী ও অডিট ভিত্তিক কর ব্যবস্থা, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণ্ড আইন, ২০১২ এর ধারা-৯০ এর মাধ্যমে মূসক কর্তৃপক্ষকে করদাতার অর্থনৈতিক কার্যক্রম নিরীক্ষা এবং অনুসন্ধানের ক্ষমতা প্রদান করা হয়েছে। কাজেই উক্ত ক্ষমতাবলে একই আইনের ধারা-১০৭ ও বিধিমালায় বিধি ৯৫ অনুযায়ী আপীলকারী প্রতিষ্ঠান কর্তৃক সংরতি ও সরবরাহকৃত হিসাব পুস্তকাদি এবং বার্ষিক অডিট প্রতিবেদন (সি এ ফারম কর্তৃক সম্পাদিত) এর ভিত্তিতে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়। অতএব, উক্ত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে আইনী প্রক্রিয়া অনুসরণ পূর্বক কারন দর্শানো নোটিশ জারী, প্রতিষ্ঠান কর্তৃক উক্ত নোটিশের লিখিত জবাব দাখিল, গুনানী গ্রহণ করে তর্কিত চূড়ান্ত দাবীনামা জারী করা হয়। অতএব, জারীকৃত নোটিশটি আইনানুগ ও যথাযথ হওয়ায় বহাল ও বলবৎযোগ্য।

পর্যালোচনা ও সিদ্ধান্ত

৩০. উভয়পক্ষের দাখিলকৃত কাগজপত্র, গুনানীকালে প্রদত্ত বক্তব্য বিবেচনায় নিয়ে এবং নথিতে রক্ষিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর ঢাকা কর্তৃক ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল (এনটিভি) লিঃ, ১২, কাজী নজরুল ইসলাম এডিনিউ, ঢাকা, (মূসক নিবন্ধন নং-০০০০০০৭৬৯-০২০৩) নামীয় প্রতিষ্ঠানের জুলাই/২০১৯ হতে জুন/২০১০ খ্রিঃ জুন/২০১৯ খ্রিঃ পর্যন্ত সময়ের নিরীক্ষা সম্পন্ন করে

সূত্রোল্লিখিত প্রতিবেদন আইনি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে মূসক দপ্তরে দাখিল করা হয়। নিরীক্ষা আদেশের মাধ্যমে গঠিত নিরীক্ষা দল কর্তৃক দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায়, ২০১৯-২০২০ অর্থবছরে ক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ না থাকায় ১,৬৬৭ টাকা রেয়াত বাতিলযোগ্য। আবার, ২০১৯-২০২০ করমেয়াদের জুলাই/২০১৯ করমেয়াদের মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (গ) অনুযায়ী দুই করমেয়াদের মধ্যে উপকরণ কর রেয়াত গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও অক্টোবর/২০১৯ মাসে ১,৬৭,৪২৫ টাকা রেয়াত গ্রহণ করা হয়েছে, যা বাতিলযোগ্য। অর্থাৎ, প্রতিষ্ঠান কর্তৃক সর্বমোট গৃহীত (১,৬৬৭ + ১,৬৭,৪২৫)

১,৬৯,০৯২ টাকা রেয়াত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ আইন, ২০১২ অনুযায়ী বাতিলযোগ্য। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ পর্যন্ত পর্যালোচনায় দেখা যায় মোট উৎসে মূসকের পরিমাণ ১,১০,৮১,৬০৩.৬০ টাকা। এর মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে ৬,২৪,১১২ টাকা। সুতরাং, অবশিষ্ট (১,১০,৮১,৬০৩.৬০ - ৬,২৪,১১২.০০) = ১,০৪,৫৭,৪৯১.৬০ টাকা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য। জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ অর্থবছরে সি.এ প্রতিবেদনে প্রদর্শিত বাড়ি ভাড়া এবং দাখিলপত্রে প্রদর্শিত বাড়ি ভাড়া বাবদ মোট অপরিশোধিত মূসকের হিসাব সংক্ষেপে নিম্নরূপঃ

০৬,৫০৪.৮০,৬০ = (১৬৭,৪২৫.০০ + ১৬৬৭.০০) টাকা

০৬,৩৩৪.৮০,৬০ = (৬২৪,১১২.০০ + ১,০৪,৫৭,৪৯১.৬০) টাকা

ক্র: নং	অর্থবছর	সি.এ রিপোর্ট অনুযায়ী বাড়ি ভাড়া (ড্যাটসহ)	মূসক কর্তনের হার	মূসকের পরিমাণ	ট্রেজারীতে প্রদর্শিত বাড়ি ভাড়া	পার্শ্বক্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	২০১৯-২০২০	২,৮২,১১,০৮৭	১৫%	৩৬,৭৯,৭০৭	২৪,৫৩,৮৫৪	১২,২৫,৮৫৩
মোট	২০১৯-২০২০	২,৮২,১১,০৮৭		৩৬,৭৯,৭০৭	২৪,৫৩,৮৫৪	১২,২৫,৮৫৩

০৬,৫০৪.৮০,৬০ = (১৬৭,৪২৫.০০ + ১৬৬৭.০০) টাকা

০৬,৩৩৪.৮০,৬০ = (৬২৪,১১২.০০ + ১,০৪,৫৭,৪৯১.৬০) টাকা

অর্থাৎ, নিরীক্ষা মেয়াদে প্রতিষ্ঠানের নিকট হতে বাড়ি ভাড়া খাতে আদায়যোগ্য অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫,৮৫৩ টাকা প্রতিষ্ঠানের নিকট আদায়যোগ্য।

৩১. প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য মূসক এবং বাতিলযোগ্য রেয়াতের সার সংক্ষেপ নিম্নরূপঃ

ক্র: নং	বিবরণ	অনুচ্ছেদ নং	গৃহীত রেয়াত যা বাতিলযোগ্য	আদায়েযোগ্য
১	নির্ধারিত করমেয়াদে রেয়াত গ্রহণ না করায় বিধি-বহির্ভূত গৃহীত রেয়াত যা বাতিলযোগ্য	৬	১,৬৯,০৯২	০
২	অপরিশোধিত উৎসে মূসক বাবদ (১,১০,৮১,৬০৩.৬০ - ৬,২৪,১১২)	৯	০	১,০৪,৫৭,৪৯১.৬০
৩	বাড়িভাড়া বাবদ অপরিশোধিত মূসক	১০	০	১২,২৫,৮৫৩.০০
	মোট		১,৬৯,০৯২	১,১৬,৮৩,৩৪৪.৬০

৩২. ২০১৯-২০২০ অর্থবছরে বিধি-বহির্ভূত গৃহীত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকা বাতিলযোগ্য ফাঁকিকৃত মূসক বাবদ ১,১৬,৮৩,৩৪৪.৬০ টাকা। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিরীক্ষাকালে কোন আপত্তি উত্থাপন করেননি। শুনানিকালে দাখিলকৃত মূসক পরিশোধের সমর্থনে কোন ট্রেজারী চালানের কপি দাখিল করেননি। মামলার প্রতিবেদনের আলোকে জারীকৃত দাবিনামা নোটিশের ভিত্তিতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা- ৭৩ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের জন্য উৎসে মূসক বাবদ ১,০৪,৬৭,৪৯১.৬০ বাড়ীভাড়া বাবদ অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫,৮৫৩ টাকা, কর্তনকৃত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকাসহ মোট (১,০৪,৫৭,৪৯১.৬০ + ১২,২৫,৮৫৩ + ১,৬৯,০৯২) = ১,১৮,৫২,৪৩৬.৬০ টাকা কর নির্ধারণ করে দাবিনামা চূড়ান্ত করা হয়, যার ফলে আলোচ্য আপীলের উদ্ভব।

৩৩. ট্রাইব্যুনাল নথি পর্যালোচনায় দেখতে পায় যে, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর ঢাকা কর্তৃক ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল (এনটিভি) লিঃ, নামীয় প্রতিষ্ঠানের জুলাই/২০১৯ হতে জুন/২০১০ খ্রিঃ জুন/২০১৯ খ্রিঃ পর্যন্ত সময়ের নিরীক্ষা সম্পন্ন করে সূত্রোল্লিখিত প্রতিবেদন আইনি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে মূসক দপ্তরে দাখিল করা হয়। নিরীক্ষা আদেশের মাধ্যমে গঠিত নিরীক্ষা দল কর্তৃক দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায়, ২০১৯-২০২০ অর্থবছরে ক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ না থাকায় ১,৬৬৭ টাকা রেয়াত বাতিলযোগ্য। আবার, ২০১৯-২০২০ করমেয়াদের জুলাই/২০১৯ করমেয়াদের মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (গ) অনুযায়ী দুই করমেয়াদের মধ্যে উপকরণ রেয়াতে গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও অক্টোবর/২০১৯ মাসে ১,৬৭,৪২৫ টাকা রেয়াত গ্রহণ করা হয়েছে, যা বাতিলযোগ্য। অর্থাৎ প্রতিষ্ঠান কর্তৃক সর্বমোট গৃহীত (১,৬৬৭ + ১,৬৭,৪২৫) ১,৬৯,০৯২ টাকা রেয়াত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী বাতিলযোগ্য। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ পর্যন্ত পর্যালোচনায় দেখা যায় মোট উৎসে মূসকের পরিমাণ ১,১০,৮১,৬০৩.৬০ টাকা। এর মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করা হয়েছে ৬,২৪,১১২ টাকা। সুতরাং অবশিষ্ট (১,১০,৮১,৬০৩.৬০ - ৬,২৪,১১২) = ১,০৪,৫৭, ৪৯১.৬০ টাকা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য।

জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ অর্থবছরে সি.এ প্রতিবেদনে প্রদর্শিত বাড়ি ভাড়া এবং দাখিলপত্রে প্রদর্শিত বাড়ি ভাড়া বাবদ মোট অপরিশোধিত বাবদ ১২,২৫,৮৫৩ টাকা প্রতিষ্ঠানের নিকট আদায়যোগ্য। এবং ২০১৯-২০২০ অর্থবছরে বিধি-বহির্ভূত গৃহীত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকা বাতিলযোগ্য ফাঁকিকৃত মূসক বাবদ ১,১৬,৮৩,৩৪৪.৬০ টাকা। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিরীক্ষা কালে কোন আপত্তি উত্থাপন করেননি। শুনানিকালে দাখিলকৃত মূসক পরিশোধের সমর্থনে কোন ট্রেজারী চালানোর কপি দাখিল করেননি। মামলার প্রতিবেদনের আলোকে জারীকৃত দাবিনামা নোটিশের ভিত্তিতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৭৩ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের জন্য উৎসে মূসক বাবদ ১,০৪,৬৭,৪৯১.৬০ বাড়ীভাড়া বাবদ অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫,৮৫৩ টাকা, কর্তনকৃত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকাসহ মোট (১,০৪,৫৭,৪৯১.৬০ + ১২,২৫,৮৫৩ + ১,৬৯,০৯২) = ১,১৮,৫২,৪৩৬.৬০ টাকা কর নির্ধারণ করে দাবিনামা চূড়ান্ত করা হয়, যা আদায়যোগ্য।

৩৪. পর্যালোচনায় আরো দেখা যায়, ২০১৯-২০২০ অর্থবছরের ক্রয় রেজিস্টারে উপকরণ লিপিবদ্ধ না থাকায় ১,৬৬৭ টাকা রেয়াত বাতিলযোগ্য। আবার, ২০১৯-২০২০ মেয়াদের মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ এর উপ-ধারা (১) অনুযায়ী দুই করমেয়াদের মধ্যে উপকরণ কর রেয়াত গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও অক্টোবর/২০১৯ মাসে ১,৬৭,৪২৫ টাকা বিধি বহির্ভূতভাবে রেয়াত গ্রহণ করা হয়েছে, যা বাতিলযোগ্য। অর্থাৎ প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত মোট (১,৬৬৭ + ১,৬৭,৪২৫) = ১,৬৯,০৯২ টাকার রেয়াত মূল্য সংযোজন কর সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী বাতিলযোগ্য এবং প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জুলাই/২০১৮ হতে জুন ২০২০ মিঃ পর্যন্ত সি এ অডিট রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় মোট উৎসে মূসকের পরিমাণ ১,১০,৮১,৬০৩.৬০ টাকা, এর মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করা হয়েছে ৬,২৪,১১২.০০ টাকা। সুতরাং, অবশিষ্ট (১,১০,৮১,৬০৩.৬০ - ৬,২৪,১১২) = ১,০৪,৫৭,৪৯১.৬০ টাকা আদায়যোগ্য। জুলাই/২০১৯ হতে জুন/২০২০ খ্রিঃ অর্থবছরে সি এ অডিট রিপোর্টে প্রদর্শিত বাড়ী ভাড়ার পরিমাণ ২,৮২,১১,০৮৭.০০ টাকা যার উপর ১৫% হারে প্রযোজ্য মূসকের পরিমাণ, ৩৬,৭৯,৭০৭.০০ টাকা। অপরদিকে দাখিলপত্রে প্রদর্শিত বাড়ী ভাড়ার উপর ট্রেজারী চালানোর মাধ্যমে পরিশোধিত

মূসকের পরিমাণ ২৪,৫৩,৮৫৪.০০ টাকা। অর্থাৎ বাড়ী ভাড়ার উপর অপরিশোধিত মূসকের পরিমাণ (৩৬,৭৯,৭০৭.০০ - ২৪,৫৩,৮৫৪.০০) = ১২,২৫,৮৫৩ টাকা।

৩৫. উপরোল্লিখিত হিসাব মোতাবেক নিরীক্ষাধীন সময়কালে প্রতিষ্ঠানের নিকট হতে অপরিশোধিত/ আদায়যোগ্য মূসক এর সর্বমোট মূল্য সংযোজন কর ও সম্পূরক স্কস আইন, ২০১২ এর ধারা-৭৩ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের জন্য উৎসে মূসক বাবদ ১,০৪,৬৭,৪৯১.৬০ বাড়ীভাড়া বাবদ অপরিশোধিত মূসক বাবদ ১২,২৫,৮৫৩ টাকা, কর্তনকৃত রেয়াত বাবদ ১,৬৯,০৯২ টাকাসহ মোট ১,০৪,৫৭,৪৯১.৬০ + ১২,২৫,৮৫৩ + ১,৬৯,০৯২ = ১,১৮,৫২,৪৩৬.৬০ টাকা কর নির্ধারণ করে দাবিনামা চূড়ান্ত করে যে আদেশ প্রদান করা হয়, তা যথাযথ ও আইনানুগ বলে আপীলাত ট্রাইব্যুনাল মনে করে।

৩৬. উপর্যুক্ত ব্যাখ্যা ও সার্বিক পর্যালোচনায় আপীলাত ট্রাইব্যুনাল এরূপ সিদ্ধান্তে উপনীত হয় যে, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল**

বেঞ্চ-৪
আপিল মামলা নং-সিইভিটি/কেইস (ভ্যাট)-২৭১/২০২২/

- আদেশের শিরোভাগ**
- ১। আপীলকারী/আবেদনকারী : মেসার্স জয়িতা ট্রেডিং, ৩৪৬/৪, বড়িরহাট, চট্টগ্রাম।
 - ২। প্রতিবাদী/রেসপনডেন্টপক্ষ : কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
 - ৩। আপীলকারী/আবেদনকারীর প্রতিনিধি : উপস্থিত।
 - ৪। প্রতিবাদী/রেসপনডেন্টের প্রতিনিধি : উপস্থিত।
 - ৫। মামলার শুনানী গ্রহণের তারিখ : ১২-২-২০২৩ খ্রিঃ।

কর্তৃক জারিকৃত তর্কিত দাবিনামা আদেশ যথাযথ সঠিক বিধায় তাতে হস্তক্ষেপ করার যুক্তিসংগত কোন কারণ দেখা যায় না। সে কারণে আলোচ্য আপিলটি খারিজযোগ্য। এমতাবস্থায়, আলোচ্য আপিলের বিচার্য বিষয়দ্বয় আপিলকারীর প্রতিকূলে নিষ্পত্তি করা হলো।

অতএব

আদেশ হয় যে,

এ আপিলটি উভয়পক্ষের উপস্থিতিতে শুনানীর মাধ্যমে নামঞ্জুর করা হলো। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) কর্তৃক ৩০-৬-২০২২ তারিখে প্রদত্ত আদেশ নথি নং-৪/মূসক/চ(৫২) ইন্টাঃ টেলিভিশন চ্যানেল/বিচার/২০২২/১১১২ মূলে প্রদত্ত তর্কিত আদেশ এতদ্বারা বহাল রাখা হলো। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট সকলের প্রতি জারি করা হোক।

আমাদের কথামত লিখিত ও সংশোধিত।
Ed.

তারিখ: ২৭-২-২০২৩ ইং